

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৭২১.২৩-৭৫৬

তারিখঃ ১১ জ্যেষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৫ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: আগামী ১১-১২ জুলাই, ২০২৩ সময়ে Amman, Jordan-এ অনুষ্ঠেয় 5th Arab Pharma Manufacturers' Expo 2023 শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১১-১২ জুলাই, ২০২৩ সময়ে Amman এর Jordan এ 5th Arab Pharma Manufacturers' Expo 2023 শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, মধ্যপাচা এবং উত্তর আফ্রিকা (MENA) ভূক্ত দেশসমূহে Pharmaceutical পণ্য খাতের রপ্তানি বাজার অন্বেষণ এবং সম্প্রসারণের জন্য প্রস্তাবিত মেলাটি একটি আদর্শ প্ল্যাটফর্ম। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

মেলার নাম	: 5th Arab Pharma Manufacturers' Expo 2023
মেলার সময়কাল	: July 11-12, 2023
মেলার ভেন্যু	: Amman Jordan
বুথের সাইজ	: 9 sqm
বুথ টাইপ	: Shell Scheme
বুথ ভাড়া	\$ ৩১৫০ (তিন হাজার একশত পঞ্চাশ ডলার) মাত্র। টাকা: ৩,৪৬,৫০০/- (তিন লক্ষ ছেচল্লিশ হাজার পাঁচশত টাকা) মাত্র।
প্রদর্শনী পণ্যঃ	: Pharmaceutical

০২। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:


ক্রঃ নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪৫%
০২	০৫ এর নীচে এবং প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“খ”	৫০%

বিশেষ খাত

ক্রঃ নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি'র প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	নারী উদ্যোক্তা	-	৬০%

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রয়োজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আগামী ০৮-০৬-২০২৩ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে।

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়- দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।


(মাহমুদা খাতুন)
সহকারি পরিচালক (মেলা)

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ (বাপি), নাভানা ওসমান (লেভেল-৪) ২১৪/ডি বীর উত্তম মীর শওকত এভিনিউ, তেজগাঁও, গুলশান লিঙ্ক রোড, ঢাকা-১২০৮। ই-মেইল: info@bapi-bd.com
০২. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। বিজ্ঞপ্তিট ইপিবি'র ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৩. আগ্রহী ফার্মাসিউটিক্যাল প্রতিষ্ঠানসমূহ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১। পিএ টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।